

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৯০  
আগরতলা, 25 মার্চ, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“গন্ডাছড়া হাসপাতালে চিকিৎসা পরিষেবা তলানিতে” এই শিরোনামে গত২৪ মার্চ, ২০২৫ রাষ্ট্রীয় কন্ঠ পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। সংবাদের শিরোনামে গন্ডাছড়া হাসপাতালের কথা বলা হলেও সংবাদটি কাঞ্চনপুর মহকুমা হাসপাতাল সংক্রান্ত। দপ্তরের পক্ষ থেকে এর স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে সরকারি খোলা দিনে বহির্বিভাগে সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত এবং ইমার্জেন্সি বিভাগে বিকাল ৪.৩০ মিনিট থেকে পরের দিন সকাল ৯ টা পর্যন্ত পরিষেবা দেওয়া হচ্ছে। ছুটির দিনে ২৪ ঘন্টাই পরিষেবা প্রদান করা হচ্ছে। বহির্বিভাগ চলাকালীন কোনো জটিল রোগী এলে অগ্রাধিকারের ভিত্তিতে তাদের চিকিৎসা করা হয়। তাই বিনা চিকিৎসায় বাড়ি ফেরার কোনো প্রশ্ন নেই। প্রত্যেক রোগীকে তাদের প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হয়। ইমার্জেন্সি ওয়ার্ড, বহির্বিভাগ, লেবার রুম এবং হাসপাতালের পুরুষ ও মহিলা ওয়ার্ডে মেডিকেল অফিসাররা কাঞ্চনপুরের মহকুমা স্বাস্থ্য আধিকারিকের স্বাক্ষরিত রোস্টার অনুযায়ী দায়িত্ব পালন করছেন।

এই মহকুমা হাসপাতালে আটজন অ্যালোপ্যাথিক মেডিকেল অফিসার রয়েছেন। ডিউটি রোস্টার অনুযায়ী তারা দায়িত্ব পালন করছেন। তাই মেডিকেল অফিসারের তীব্র ঘাটতি রয়েছে বলে সংবাদে যা উল্লেখ করা হয়েছে তা সত্য নয়। কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে ওষুধের কোনো অভাব নেই। সরকার কর্তৃক সরবরাহকৃত ওষুধ বিনামূল্যে প্রদান করা হয়। এবি-পিএমজেএওয়াই এবং জেএসএসকে ভুক্ত সমস্ত রোগীদের বিনামূল্যে ওষুধ সরবরাহ করা হয়। সরকার কর্তৃক সরবরাহকৃত জীবনদায়ী ওষুধও হাসপাতালে মজুত রয়েছে।

\*\*\*\*\*